

**FBCCI**  
Date of Receipt: 11/12/2020  
Entry No: 1639  
Signature: [Signature]

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো  
অর্থনৈতিক শুমারি ২০২৩ প্রকল্প  
পরিসংখ্যান ভবন (৯ম তলা, ব্লক-এ)  
ই-২৭/এ, আগারগাঁও, ঢাকা-১২০৭  
[www.bbs.gov.bd](http://www.bbs.gov.bd)

নং- ৫২.০১.০০০০.৬৩৫.১৮.০১৪.২৪- ২১৬২

তারিখ: ২৬ কার্তিক, ১৪৩১  
১৯ নভেম্বর, ২০২৪

**বিষয়: বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) কর্তৃক পরিচালিত অর্থনৈতিক শুমারি ২০২৪ এ তথ্য প্রদানসহ প্রয়োজনীয় সহযোগিতা প্রদান সংক্রান্ত।**

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের আওতায় বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) জাতীয় পরিসংখ্যান সংস্থা হিসেবে শুমারি ও জরিপ পরিচালনার মাধ্যমে দেশের আর্থ-সামাজিক ও জনতাত্ত্বিকসহ বিভিন্ন গুরুত্বপূর্ণ পরিসংখ্যান প্রণয়ন করে আসছে। বিবিএস কর্তৃক পরিচালিত শুমারিসমূহের মধ্যে জনশুমারি ও গৃহগণনা, কৃষি শুমারি এবং অর্থনৈতিক শুমারি উল্লেখযোগ্য। তিনটি উল্লেখযোগ্য শুমারির মধ্যে বর্তমানে অর্থনৈতিক শুমারি ২০২৪ এর কার্যক্রম চলমান রয়েছে। দেশের ১ম অর্থনৈতিক শুমারি ১৯৮৬ সালে অনুষ্ঠিত হয়। এরপর ২০০১ ও ২০০৩ সালে দুটি পর্যায়ে ২য় অর্থনৈতিক শুমারি এবং ২০১৩ সালে ৩য় অর্থনৈতিক শুমারি অনুষ্ঠিত হয়। এরই ধারাবাহিকতায় ২০২৪ সালে দেশের ৪র্থ অর্থনৈতিক শুমারি পরিচালনার উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এ শুমারি হতে প্রাপ্ত তথ্য-উপাত্ত দেশের অর্থনৈতিক অবস্থার বিস্তারিত চিত্র তুলে ধরবে, যা নতুন বাংলাদেশ বিনির্মাণে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।

০২। অর্থনৈতিক শুমারি ২০২৪ এর তথ্য সংগ্রহ কার্যক্রম আগামী ১০-২৬ ডিসেম্বর, ২০২৪ দেশব্যাপী অনুষ্ঠিত হবে। উক্ত কার্যক্রমে দেশের সকল অর্থনৈতিক ইউনিটের পরিচিতি, অর্থনৈতিক কার্যাবলী, জনবল, সম্পদ এবং ইউনিটের মৌলিক সুযোগ-সুবিধা সম্পর্কিত তথ্য-উপাত্ত সংগ্রহ করা হবে। সারাদেশে প্রায় ৯৫ হাজার তথ্যসংগ্রহকারী, ১৯ হাজার সুপারভাইজার, ২৬০০ আইটি সুপারভাইজার এবং ২৬০০ জোনাল অফিসার এ কার্যক্রমে নিয়োজিত থাকবেন। জাতীয় এ গুরুত্বপূর্ণ কাজ সুষ্ঠুভাবে বাস্তবায়নে আপনার প্রতিষ্ঠানসহ অধীনস্থ সংস্থার কর্মচারীগণের সর্বাঙ্গিক সহযোগিতা একান্ত আবশ্যিক।

০৩। বর্ণিতাবস্থায়, আগামী ১০ হতে ২৬ ডিসেম্বর, ২০২৪ তারিখে অনুষ্ঠিত অর্থনৈতিক শুমারি সুষ্ঠু ও সূচাররূপে সম্পাদনের লক্ষ্যে এফবিসিসিআই এর অধীন বিভিন্ন সংগঠন/চেম্বার অব কমার্স/বণিক সমিতিতে তথ্য প্রদানসহ শুমারিকর্মীগণকে প্রয়োজনীয় সহযোগিতার নির্দেশনা প্রদানের অনুরোধ করা হলো।

প্রশাসক  
এফবিসিসিআই  
৬০, মতিঝিল বা/এ, ঢাকা।

[Signature]  
তারিখ: ১৯/১১/২৪

মোহাম্মদ মিজানুর রহমান

মহাপরিচালক

(অতিরিক্ত সচিব)

ফোন: ০২-৫৫০০৭০৫৬

ই-মেইল: dg@bbs.gov.bd

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। প্রকল্প পরিচালক, অর্থনৈতিক শুমারি ২০২৩ প্রকল্প, বিবিএস।
- ২। সচিবের একান্ত সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ৩। যুগ্মপরিচালক, বিভাগীয় পরিসংখ্যান কার্যালয়, ..... বিভাগ।
- ৪। উপপরিচালক, জেলা পরিসংখ্যান কার্যালয়, ..... জেলা।
- ৫। জেলা শুমারি সমন্বয়কারী, ..... শুমারি জেলা।
- ৬। অফিস কপি।